**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-08-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিধানসভার তিনদিন ব্যাপী দশম অধিবেশন আজ থেকে শুরু।**

**(২) রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, উত্তর-পূর্বাঞ্চল ভারতের মহাকাশ প্রযুক্তির যাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশে একটি আধুনিক ক্রীড়া পরিমণ্ডল তৈরিতে সরকার সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ।**

**(৪) অর্থমন্ত্রী** প্রনজিৎ **সিংহ রায় বিধানসভায় জানিয়েছেন, সরকারী কর্মচারীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠন করার প্রস্তুতি নিয়েছে রাজ্য সরকার।**

**(৫) সিনিয়র এলিট ক্রিকেটে বিশালগড়কে চার উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ান হল সদর।**

****************************************************************

**Assembly Session:**

ত্রিপুরা ত্রয়োদশ বিধানসভার তিনদিন ব্যাপী দশম অধিবেশন আজ থেকে শুরু হয়েছে। চলবে ৩১আগস্ট পর্যন্ত। প্রশ্নোত্তর পর্ব দিয়ে অধিবেশন শুরু হয়। অধিবেশনে প্রাক্তন রাজ্যপাল ডি ওয়াই পাতিল, প্রাক্তন মন্ত্রী কালিদাস দত্ত, ফয়জুর রহমান, প্রাক্তন বিধায়ক নিরাজয় ত্রিপুরা ও গৌরী ভট্টাচার্যের স্মৃতিচারণ করা হয়।

আজকের অধিবেশনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা দুটি বিল পেশ করেন| বিলগুলি হল- ত্রিপুরা ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার চতুর্দশ সংশোধনী বিল এবং মুক্ত বিদ্যালয় এবং পরীক্ষা পর্ষদ বিল ২০২৬। তাছাড়া, অর্থমন্ত্রী প্রণজিৎ সিং রায় ত্রিপুরা রাজ্য পণ্য ও পরিষেবা দশম সংশোধনী বিল ২০২৬ অধিবেশনে পেশ করেন|

****************************

**Assembly– Drinking Water:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিধানসভায় জানিয়েছেন, বর্তমানে রাজ্যে মোট ৬ লক্ষ ৪৯ হাজার ৪৭০টি পরিবারকে পাইপ লাইনের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা হচ্ছে। বিধায়ক রঞ্জিত দেববর্মার এক প্রশ্নের উত্তরে তিনি একথা জানান|

বিধায়ক রঞ্জিত দাসের অপর এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান, গত তিনটি অর্থ বছরে প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরে প্রকল্পে মোট ১৭ হাজার ৬৭৪টি পরিবারকে গৃহ নির্মাণের জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

****************************

**PM-Khelo India:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, একবিংশ শতাব্দীতে ভারতের জন্য একটি আধুনিক ক্রীড়া পরিমণ্ডল তৈরিতে সরকার সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ। আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'খেলো ইন্ডিয়া ডায়ালগ'-এ বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন| 'জাতীয় ক্রীড়া দিবস ২০২৬' উদযাপনের অঙ্গ হিসেবে ‘মেরা যুব ভারত’ আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি আরও বলেন, ক্রীড়া বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র পর্যন্ত,

সারাদেশে এমন একটি পরিমণ্ডল গড়ে তোলা হচ্ছে যেখানে প্রতিভাবানেরা প্রতিটি পর্যায়ে সহায়তা পায়।

তিনি বলেন, 'খেলো ইন্ডিয়া ডায়লগ' শুধুমাত্র খেলাধুলা নিয়ে আলোচনার একটি অনুষ্ঠান নয়, বরং এটি একটি সংলাপের মঞ্চ, যেখানে প্রতিটি ভাবনা দেশের ক্রীড়া স্বপ্নকে বাস্তবে রূপ দিতে পারে। দেশের যুবশক্তির এই নতুন ভাবনাগুলোই 'বিকশিত ভারত' গড়তে সাহায্য করবে|

অনুষ্ঠানে কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডব্য বলেন, প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে খেলাধুলা একটি জাতীয় অগ্রাধিকার এবং যুব ক্ষমতায়নের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে আবির্ভূত হয়েছে।

তিনি বলেন, 'ফিট ইন্ডিয়া মুভমেন্ট' এবং 'সানডে অন সাইকেল'-এর মতো উদ্যোগগুলি নাগরিক জীবনে অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে|

****************************

**Khelo India-State:**

জাতীয় ক্রীড়া দিবস ২০২৬ উদযাপনের অঙ্গ হিসেবে 'মেরা যুব ভারত' আয়োজিত খেলো ইন্ডিয়া ডায়লগ কর্মসূচিতে সারা দেশের সঙ্গে রাজ্যের প্রতিটি জেলার বিভিন্ন স্কুল ও কলেজে ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে|

আগরতলার তুলসীবতী বালিকা বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে সাই-এর প্রশিক্ষণপ্রাপ্ত স্বর্ণপদক প্রাপ্ত সাঁতারু রুনেল চাকমা ছাত্রীদের সঙ্গে মতবিনিময় করেন।

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে খ্মস্ম্যমুখের খেলোয়াড় ঈপ্সিতা বৈষ্ণবকে সংবর্ধনা জ্ঞাপন করা হয় ।

কৈলাশহরে রামকৃষ্ণ মহাবিদ্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভার্চুয়াল ভাষণ শোনে।

অনুষ্ঠানে জেলার দু'জন ক্রীড়া ব্যক্তিত্ব'কে সম্মান জানানো হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ,কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়।

সিপাহীজলা জেলার সোনামুড়ার কবি নজরুল মহাবিদ্যালয় ও বিশালগড়ের রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়েও খেলো ইন্ডিয়া ডায়লগ কর্মসূচির আয়োজন করা হয়|

উদয়পুরে নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভার্চুয়াল ভাষণ সরাসরি সম্প্রচার করা হয়।

****************************

**Assembly-Vande Bharat:**

আগরতলা ও গুয়াহাটির মধ্যে বন্দে ভারত এক্সপ্রেস চালুর জন্য রাজ্য সরকার রেল মন্ত্রকে প্রস্তাব পাঠিয়েছে। আজ  বিধানসভায় বিধায়ক গোপাল চন্দ্র রায়, দীপঙ্কর সেন ও মাইলাফ্রু মগের প্রশ্নের উত্তরে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী এই তথ্য জানিয়েছেন।

****************************

**Nepal-Flood:**

নেপালে সাম্প্রতিক সময়ের অন্যতম ভয়াবহ দুর্যোগে আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৩৫৯ জনে পৌঁছেছে। এ অবস্থায় কর্তৃপক্ষ ২৮৮ জন ভারতীয় পর্যটক সহ হাজার হাজার নিখোঁজ মানুষকে খুঁজে বের করতে আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। গতকালের এই আকস্মিক বন্যা নেপালের তিনটি জেলায়

ব্যাপক তাণ্ডব চালিয়েছে। নেপাল পুলিশ জানিয়েছে যে আজ আরও ৯৩টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে।

নেপাল পুলিশের মুখপাত্র অবী নারায়ণ কাফলে জানিয়েছেন, এ পর্যন্ত উদ্ধার হওয়া মৃতদেহের মধ্যে রয়েছে চিতওয়ানে ১০৮টি, নবলপরাসী পূর্বে ৬২টি, ধাডিংয়ে ২৭টি, গোরখায় ২০টি, রসুয়ায় ১৭টি, নবলপরাসী পশ্চিমে ১৫টি, নুয়াকোটে ১২টি এবং তানাহুনে ৯টি।

আজ পর্যন্ত তিব্বত ও নেপাল কর্তৃপক্ষ ১,৩০০ জনেরও বেশি মানুষ নিখোঁজ হওয়ার কথা জানিয়েছে, যাদের মধ্যে অনেকেই বিদেশী। উভয় কর্তৃপক্ষই জানিয়েছে যে মূলত ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র, মালয়েশিয়া, ইউক্রেন, অস্ট্রেলিয়া, ব্রিটেন, কানাডা, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, জার্মানি এবং রাশিয়া সহ ৩০টিরও বেশি দেশের নাগরিকরা নিখোঁজ রয়েছেন।

নেপাল পুলিশের মুখপাত্র কাফলে জানিয়েছেন, ক্ষতিগ্রস্ত এলাকা থেকে আহত ব্যক্তি সহ আটকা পড়া ৮০০ জনেরও বেশি মানুষকে এ পর্যন্ত উদ্ধার করা হয়েছে।

ভোটকোশী নদীর উপনদী লেন্দে-র প্রবাহে ধ্বস নেমে বাধা সৃষ্টি হওয়ায় এই আকস্মিক বন্যার সৃষ্টি হয়। রসুয়াগড়িতে চীন সীমান্তের কাছে নেপালের টিমুড়ে এলাকায় বন্যাটি প্রথম আঘাত হানে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**BRICKS:**

ভারত আগামী ১২ ও ১৩ই সেপ্টেম্বর নয়াদিল্লির ভারত মণ্ডপমে ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনের আয়োজন করবে। ভারতের সভাপতিত্বের মূল থিম—"স্থায়িত্ব, উদ্ভাবন, সহযোগিতা ও টেকসই উন্নয়নের ভিত্তি নির্মাণ"। চলতি বছরে ২৫টিরও বেশি শহরে ৩৫0টির বেশি বৈঠকের মাধ্যমে রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক সহযোগিতা জোরদারে উদ্যোগ নেওয়া হয়েছে। ২0২৬ সালে ব্রিকস প্রতিষ্ঠার ২0 বছর পূর্ণ হচ্ছে এবং ভারত চতুর্থবারের মতো সভাপতিত্ব করছে।

****************************

**Assembly 8th Pay Commission:**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় আজ বিধানসভার অধিবেশনে জানিয়েছেন, রাজ্য সরকার সরকারী কর্মচারীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠন করার প্রস্তুতি গ্রহন করেছে। বিধায়ক সুদীপ রায় বর্মণের জনস্বার্থ মূলক এক প্রস্তাবের উপর

জবাব দিতে গিয়ে তিনি একথা বলেন| অর্থমন্ত্রী বলেন, অষ্টম বেতন কমিশনের সম্ভাব্য চেয়ারম্যান ও অন্যান্য সদস্যদের নিযুক্তির বিষয়ে আলোচনা চলছে|

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে আগস্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'–এর ১৩৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum –এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে। ফোন এবং মেসেজ পাঠানো যাবে আগামী ২৮শে আগষ্ট রাত ১১টা ৪৫ পর্যন্ত|

****************************

**GOVERNER:**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, উত্তর-পূর্বাঞ্চল ভারতের মহাকাশ প্রযুক্তির যাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আজ গুয়াহাটিতে আয়োজিত 'নর্থইস্ট ইন্ডিয়া স্পেস ওয়ার্কশপ'-এ বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন।

রাজ্যপাল বলেন, উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা প্রথম Digital Forest Rights Act Atlas চালু করেছে। Tripura Space Applications Centre - এর প্রযুক্তিগত সহায়তায় এই অ্যাটলাস তৈরি করা হয়েছে। রাজ্যপাল বলেন, জাতীয় মহাকাশ দিবস উদযাপনের অংশ হিসেবে আয়োজিত এই কর্মশালার

মূল লক্ষ্য উত্তর-পূর্ব ভারতের দ্রুত সম্প্রসারিত New Space Ecosystem-কে শক্তিশালী করা।

****************************

**CBC:**

ভারত সরকারের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন, আগরতলা শাখার উদ্যোগে আজ মহিলা মহাবিদ্যালয়ের প্রেক্ষাগৃহে নেশামুক্ত ভারত অভিযান ও ভারতীয় ন্যায় সংহিতা, ২০২৩-এর ওপর জনসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরার অতিরিক্ত জেলা শাসক অসিত কুমার দাস ও মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষা সঞ্চিতা রিয়াং।

****************************

**Cricket:**

সিনিয়র এলিট ক্রিকেটে বিশালগড়কে চার উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ান হল সদর। আজ টিআইটি মাঠে আয়োজিত ম্যাচে বিশালগড় প্রথমে ব্যাট করতে নেমে ৫0 ওভারে আট উইকেট হারিয়ে ১৮১ রান তোলে। জবাবে খেলতে নেমে সদর ছয় উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয় ।সদরের পক্ষে নিরুপম সেন ৪৩ রান এবং বিশাল ঘোষ ৪১ রান করেন। ম্যাচে ৪৩ রানে তিন উইকেট নিয়ে প্লেয়ার অব দ্যা ম্যাচ হয়েছেন সদরের বিক্রম দেবনাথ।

****************************

**Junior Football :**

অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন আয়োজিত ডঃ বি.সি রায় ট্রফি জাতীয় জুনিয়র ফুটবলে আজ ত্রিপুরা আট–শূন্য গোলে আন্দামানকে হারিয়েছে। ছত্তিশগড়ের রামকৃষ্ণ আশ্রম মাঠে আয়োজিত ম্যাচে ত্রিপুরার হয়ে হ্যাট্রিক করেন সাচলাং জমাতিয়া।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় ধলাই, খোয়াই ও গোমতী জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ডিগ্রী সেলসিয়াস।

****************************

****************************